**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 06-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Mumbai Tripura Bhaban-CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল মহারাষ্ট্রের নবী মুম্বাইয়ে খরঘর সেক্টর-১৬ এলাকায় ত্রিপুরা ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত জমি পরিদর্শন করেন। পরিদর্শনের পর তিনি সাংবাদিকদের বলেন, মুম্বাইয়ে ত্রিপুরা ভবন নির্মাণের জন্য ইতিমধ্যে রাজ্য মন্ত্রিসভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এরজন্য ১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

************************

**President:**

৫ দিনের উড়িষ্যা সফরে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ আজ ময়ূরভঞ্জ জেলায় তাঁর নিজের গ্রাম উপেরবেড়ায় একগুচ্ছ কর্মসূচিতে অংশ নেবেন। গতকাল সন্ধ্যায় রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু, ভূবনেশ্বরে নতুন আদালত চত্বরের উদ্বোধন করেন । তিনি শাস্তির থেকেও ন্যায়বিচার দেওয়ার দিকে মনোনিবেশ করার জন্য বিচারপতিদের কাছে আহ্বান জানিয়েছেন। শ্রীমতি মূর্মূ, বার বার আদালত মুলতুবি করে দেওয়ার সংস্কৃতি ত্যাগ করার জন্য আবেদন জানান। এতে গরীব মানুষ অযথা সমস্যার মধ্যে পড়েন বলে তাঁর অভিমত। রাষ্ট্রপতি বলেন, ভারতীয় ন্যায় সংহিতা, দেশে বিচার ব্যবস্থায় ঔপনিবেশিকতার প্রভাবকে শেষ করেছে। বিচারব্যবস্থা, থানা, পুল্লিশকে মানুষের কাছে সহজ এবং সুগম করে তোলার উদ্দেশ্যেই এই পদক্ষেপ।

*************************

**GB Hospital Press Meet:**

জিবি হাসপাতালে সাম্প্রতিককালে স্বাস্থ্য পরিষেবা প্রদানে উল্লেখযোগ্য সাফল্য এসেছে। গতকাল জিবি হাসপাতালে এক সাংবাদিক সম্মেলনে হাসপাতালের মেডিকেল সুপারিনটেনডেন্ট ডাঃ শংকর চক্রবর্তী একথা বলেন। নিউরোলজি বিভাগের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ডাঃ আবির লাল নাথ বলেন বিভিন্ন ধরনের স্নায়ু রোগ সম্পর্কিত পরীক্ষার ব্যবস্থা রয়েছে। বর্তমানে জিবিপি হাসপাতালে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা ও মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে বিনামূল্যে রোগীদের চিকিৎসা হচ্ছে। নিউরোসার্জারি হেড অফ দ্যা ডিপার্টমেন্ট ডাঃ সিদ্ধা রেড্ডি জানান ২০১৯ সালের মার্চ মাস থেকে এখন অব্দি প্রায় ১৭০০ টি মেজর অপারেশন তিনি করেছেন, তার মধ্যে স্পাইনাল সার্জারিও রয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ডেপুটি মেডিকেল সুপারিনটেনডেন্ট ডাঃ কনক চৌধুরী প্রমুখ।

*************************

**Ashtalakshmi Mahotsav:**

দিল্লির প্রগতি ময়দানের ভারত মণ্ডপমে আজ থেকে ৮ই ডিসেম্বর পর্যন্ত প্রথম অষ্টলক্ষ্মী মহোৎসব পালিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উৎসবের উদ্বোধন করবেন। এই উৎসব আয়োজনের উদ্দেশ্য হল উত্তর-পূর্ব ভারতের আটটি রাজ্যের সৌন্দর্য, বৈচিত্র্য এবং প্রতিশ্রুতি প্রদর্শন করা। আসাম, অরুণাচল প্রদেশ, মেঘালয়, মণিপুর, নাগাল্যান্ড, মিজোরাম, ত্রিপুরা, এবং সিকিম, 'অষ্টলক্ষ্মী' নামে পরিচিত, এই রাজ্যগুলি দেবী লক্ষ্মীর সমৃদ্ধির আটটি রূপ, সমৃদ্ধি, ঐশ্বর্য, বিশুদ্ধতা, সম্পদ, জ্ঞান, কর্তব্য, কৃষি এবং পশুপালনকে মূর্ত করে তোলে। উৎসবে প্রত্যেকটি রাজ্য তাদের নিজস্ব সমৃদ্ধ সংস্কৃতি এবং ঐতিহ্যকে সামনে নিয়ে আসবে এবং বিশ্বের জন্য এই অঞ্চলের শিল্প, কারুশিল্প, সঙ্গীত এবং অর্থনৈতিক বৃদ্ধির অভিজ্ঞতা লাভের সুযোগ ঘটবে। এর মাধ্যমে ভবিষ্যতে ভারতের অর্থনৈতিক উন্নয়ন

এবং একীকরণের অংশ হয়ে উঠবে উত্তর পূর্বাঞ্চল। প্রথম অষ্টলক্ষ্মী মহোৎসবের লক্ষ্য হল উত্তর-পূর্ব ভারতের বস্ত্র শিল্প, পর্যটনের সুযোগ ঐতিহ্যবাহী কারুশিল্প এবং জি আই ট্যাগযুক্ত পণ্যগুলি প্রদর্শনের জন্য একটি গতিশীল মঞ্চ প্রদান করা।

**************************

**CM, Maharashtra:**

বিজেপি নেতা দেবেন্দ্র ফড়নবীশ গতকাল মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। দুই উপ-মুখ্যমন্ত্রী হিসেবে শিবসেনার একনাথ শিন্ডে এবং জাতীয়তাবাদী কংগ্রেস পার্টির অজিত পাওয়ার শপথ গ্রহণ করেন। মুম্বাইয়ের আজাদ ময়দানে শপথ গ্রহণ অনুষ্ঠানে মহারাষ্ট্রের রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণান মুখ্যমন্ত্রী এবং দুই উপ-মুখ্যমন্ত্রীকে দপ্তর ও গোপনীয়তার শপথ পাঠ করান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বরিষ্ঠ কেন্দ্রীয় মন্ত্রী, রাজ্যপাল, এনডিএ-শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীরা, দলের কর্মকর্তারা এবং মহাযুতির নেতারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহাও শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দেন।

**************************

**ISRO:**

ভারতীয় মহাকাশ গবেষণা সংগঠন- ইসরো গতকাল শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে PSLV - C59 রকেটের সাহায্যে Proba- 3 মিশনের সফল উৎক্ষেপন করেছে।

ইউরোপীয় মহাকাশ সংস্থার প্রোবা- থ্রী উপগ্রহগুলিকে উপবৃত্তাকার কক্ষে স্থাপন করবে PSLV C 59। নিউ স্পেস ইন্ডিয়া লিমিটেড নামক ইসরোর নতুন বানিজ্যিক শাখা, ইউরোপীয় মহাকাশ সংস্থার কাছ থেকে এই কাজের বরাত পেয়েছে। কক্ষপথে পৌঁছানোর পর প্রোবা-থ্রী দু ভাগে ভাগ হয়ে যাবে। সূর্যের করোনা এবং এর পারিপার্শ্বিক পরিবেশ, মহাকাশের

আবহাওয়া এবং সৌর ঝড়ের বিষয়ে গবেষনা চালাবে এই স্যাটেলাইট।

ইসরোর চেয়ারম্যান ড এস সোমনাথ জানিয়েছেন, উতক্ষেপনের ১৮ মিনিট পর PSLV C 59 নির্দিষ্ট উপবৃত্তাকার কক্ষপথে প্রবেশ করেছে।

****************************

**Saras Mela-Meeting:**

আগামী ১৪ই ডিসেম্বর থেকে ২৬শে ডিসেম্বর পর্যন্ত হাপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে সরস মেলা অনুষ্ঠিত হবে। গতকাল পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ে এই মেলার প্রস্তুতি কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত্য করেন মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক মীনা রানী সরকার।

**************************

**CPIM conference at Mohanpur:**

গতকাল বামুটিয়ার রথখোলায় সিপিআইএম মোহনপুর মহকুমা কমিটির সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। সম্মেলনে নতুন মহকুমা কমিটির সম্পাদক সুদীপ দেবনাথের নাম ঘোষণা করা হয়। রাজ্য সম্পাদক জানান, বামুটিয়া, সিমনা ও সিধাই মোহনপুর বিধানসভা কেন্দ্র এলাকার পার্টি সদস্যরা সম্মেলনে অংশ নিয়েছেন।

**************************

**District Level Science Exhibition-Udaipur:**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল উদয়পুরের চন্দ্রপুর কলোনী উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ২ দিনব্যাপী গোমতী জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনীর উদ্বোধন করেন। এই প্রদর্শনী উপলক্ষে বিজ্ঞান বিষয়ে আয়োজিত এক সেমিনারে অর্থমন্ত্রী বলেন,

ছাত্রছাত্রীদের বিজ্ঞান ভাবনাকে প্রকাশ করার জন্য এই প্রদর্শনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনীতে গোমতি জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে ৬১টি মডেল প্রদর্শিত হয়েছে। আজ এই প্রদর্শনীর সমাপ্তি হবে।

************************

**Weather:**

আজ আকাশ সাধারণত পরিস্কার থাকবে। সকালে আগরতলা সহ বিভিন্ন এলাকায় কুয়াশা পরিলক্ষিত হয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫  ডিগ্রি সেলসিয়াস।

*********************